

## চারুকৃতি

● আর্ট ফোটোগ্রাফিতে অনুপ পাল এখন বথেষ্ট পরিচিত শিল্পী। ওঁর কাজ দেশ-বিদেশে বহু পুরস্কার পেয়েছে। অনুপ এ বারে কাজ করেছেন নারী ও প্রকৃতি নিয়ে। মৃত্যুর দিন কয়েক আগে ছবিগুলি বাছাই করে দিয়েছিলেন বেণু সেন নিজে। তাঁরই স্মৃতিতে অনুপের ২৫টি আলোকচিত্রের প্রদর্শনী 'চারুকৃতি' শীর্ষকে, অ্যাকাডেমি অব ফাইন আর্টস-এ। চলবে ১৫ পর্যন্ত, ৩-৮টা। অন্য দিকে পেশায়

বহুজাতিক প্রতিষ্ঠানের সঙ্গে যুক্ত সজল ঘোষ নেশায়

আলোকচিত্রী বা স্থিরচিত্রগ্রাহক। ঝাড়খণ্ডের নিসর্গ সজল-এর মনে ফোটোগ্রাফির নেশা ধরিয়ে দেয়। ছাব্বিশ বছর ধরে লেন্সবন্দি করেছেন মানবজীবনের নানান মুহূর্ত ও নিসর্গদৃশ্য। ১৫-১৯ জুন সজলের একগুচ্ছ স্থিরচিত্র নিয়ে প্রদর্শনী বিড়লা

অ্যাকাডেমিতে:

'এক্সপ্রেশনস অন

ক্যানভাস'

(৩-৮টা)। ১৪ জুন

সঙ্গে ৬টায়

উদ্বোধন। সঙ্গে

তারই একটি ছবি।

